

বৈশাখ ১৪২৭

অনঘ ঋদ্ধ আরিফ

বৎসর ঘুরে এলো বৈশাখ যদিও  
সব্বাই বলছে যে ঘরে বসে থাকিও,  
ভোরবেলা হচ্ছে না রমনার বটমূল  
করোনার হামলায় সবকিছু ভগ্‌ডুল।

লাল-সাদা শাড়ি পড়ে সাজছে না কেন মা?  
বাবা আজ চুপচাপ, কিছু ভাল লাগে না।  
মঙ্গল যাত্রাটা আজ যদি থাকত,  
বাসা ছেড়ে সব্বাই মিছিলেতে হাটত।  
ঢাক-ঢোল বাজনায় চারদিকে শোরগোল  
কই আজ, তা হলে কি ভাইরাসে মঙ্গল?

সব্বাই মিলে করি বাসাতেই রান্না,  
কাঁদবোনা কেউ আজ করোনার কান্না।  
বাসাতেই নাচি গাই, বাসাতেই সাজ-গোজ,  
বাসাতেই তুলি দিয়ে কাগজেতে দেই পোঁচ।

যত থাক ভয়ডর, টিভি জুড়ে মৃত্যু,  
উৎসব কিছুতেই থামবে না কিন্তু।  
আজ ভোরে বলে গেছে আমাদের বৈশাখ,  
জিতবেই মানুষেরা, হেরে যাবে ভাইরাস।